উপজেলা পরিষদ

মাদারগঞ্জ, জামালপুর

**মে/২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাদির শাহ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর |
| সভার তারিখ | : | ২৮ মে ২০২৫ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এপ্রিল/২৫ মাসে এ উপজেলায় ৮১৩১ জনকে বর্হিঃ বিভাগে সেবা, ২৩৬৪ জন জরুরী বিভাগে সেবা, ৬২৬ জন আন্তঃ বিভাগ সেবা, ৯০ জন হাসপাতালে ডেলিভারী, ৭৩৭ জন (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ২১২৯ জন মোবাইল ফোনে সেবা, ১০% ইপিআই টিকা এপ্রিল/২৫ পর্যন্ত এবং ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ২৫৪৫০ জন, ৪ টি ইউনিয়নে ৮১২০ জন সাবসেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা প্রদান করা হয়। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এপ্রিল/২৫ মাসে এ উপজেলায়<br>ক. আউশ প্রণোদনা: ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রাপ্ত ১৮০ জন কৃষকের মাঝে বিনামূল্যে আউশ বীজ ও রাসায়নিক সার ( ৫ কেজি বীজ, ১০ কেজি, ডিএপি ও ১০ কেজি এমওপি সার/কৃষক) বিতরণ সম্পন্ন করা হয়েছে। সমন্বয় বিল ভাউচার জেলা প্রশাসক মহোদয়ের নিকট দ্রুত প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>খ. পাট প্রণোদনা: ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১ মৌসুমে প্রাপ্ত ৩৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ ও রাসায়নিক সার ( ১ কেজি বীজ, ৫ কেজি, ডিএপি ও ৫ কেজি এমওপি সার/কৃষক) বিতরণ সম্পন্ন করা হয়েছে। সমন্বয় বিল ভাউচার জেলা প্রশাসক মহোদয়ের নিকট দ্রুত প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>গ. পতিত জমি চাষাবাদের আওতায় আনয়ণ ২০২৪-২৫ অর্থবছরে লক্ষমাত্রা ২০ একর অদ্যাবধি অর্জন-২২ একর, কৃষক সংখ্যা-২৫৩ জন, (বসতবাড়ীর আশেপাশে থাকা পতিত জমিতে পুষ্টি বাগান স্থাপন)<br>ঘ.সুপেয় পানির ব্যবস্থা: উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্রের সামনে মাটি ভরাটসহ আয়রণমুক্ত পানির ব্যবস্থা করা খুবই জরুরী। এখানে প্রায়শই কৃষক কৃষাণীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩। উপজেলা প্রকৌশলী বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, মে/২০২৫ মাসে-<br>১। জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বিভিন্ন বিষয়ক উন্নয়নের স্বার্থে স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০.১৬.০০১.২৫-৯০ তারিখ -০২/০২/২০২৫ মূলে ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার ৪টি স্কীম উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়। উক্ত স্কীম ৪টি স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৬৯৭ তারিখ- ০৯/০৩/২০২৫ মূলে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে অনুমোদিত হয়ে ৪০ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ, প্রেরিত স্কীম অনুযায়ী বিভাজনপূর্বক যথাযথভাবে কাজ শুরু হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনায় ও কাজের গুরুত্বর বিবেচনায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত এবং অফিসার্স ক্লাব ও কনফারেন্স রুম সংস্কার কাজ দুইটি Recast করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তিনি আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগ,স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১০.২২-২০৩৬ তারিখ : ২৮/০৫/২০২৫ইং মূলে ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার বাবদ জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন বালিজুড়ি ইউনিয়ন পরিষদের জন্য ১০,০০,০০০/= এবং কড়ইচড়া ইউনিয়ন পরিষদের জন্য ১০,০০,০০০/=বরাদ্দ পাওয়া যায়। কারিগরি দিক বিবেচনায়. কাজের গুনগত মান শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে এবং যথাসময়ে কাজ বাস্তবায়ন করার নিমিত্তে "PPR-2008" এর RFQ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।<br>৩। বিলম্বে বরাদ্দ প্রাপ্তি ও ভারি বর্ষণ/বৃষ্টিপাতের কারণে নিম্নে উল্লেখিত কাজসমূহ যথাসময়ে বাস্তবায়ন বিঘ্নিত হয়। কাজসমূহ এডিপি এর আওতাভুক্ত হওয়ায় এবং জুন মাসে উক্ত কাজসমূহের ফান্ড Lapsable হওয়ায় কাজগুলোর অবশিষ্ট্যাংশ পরিমাণ মূল্যে পে-অর্ডার করে রাখা যেতে পারে। পরবর্তীতে কাজ সমাপ্ত হলে বিল প্রদানপূর্বক পে-অর্ডার ফেরত দেওয়া হবে।<br>ক) উপজেলা পরিষদের মেইন গেইট নির্মাণ। | পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| খ) বালিজুড়ি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার।<br>গ) কড়ইচড়া ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংস্কার।<br>**ঘ) [illegible]-১: বীর মুক্তিযোদ্ধা আবুল হাসনাত মুক্তা সড়ক হইতে সুজন প্রফেসরের বাড়ী পর্যন্ত স্লোপ প্রটেকশন সহ আরসিসি রাস্তা নির্মাণ। পার্ট-২: কয়ড়া আরাম নগর হইতে ত্রিশের পাড়া রাস্তায় ডা: মহসিন সাহেবের বাড়ী ভায়া হাফিজি খানা পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ।**<br>**ঙ) পার্ট-১ বালাভরাট ঈদগাহ মাঠ এইচবিবি দ্বারা রাস্তা উন্নয়ন । পার্ট-২ : মধ্যপাড়া খালেক মুন্সীর বাড়ী হইতে সরদাবাড়ী মোড় পর্যন্ত রাস্তা নির্মাণ।**<br>চ) পার্ট-১: মাদারগঞ্জ কৃষি কার্যক্রম উন্নয়নের স্বার্থে ভারমি কম্পোজ সার উৎপাদন কেন্দ্র নির্মাণ। পার্ট-২: মাদারগঞ্জ ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্থায়ীত্বের স্বার্থে বাউন্ডারী ওয়াল মেরামত ও উন্নয়ন। পার্ট-৩: মাদারগঞ্জ উপজেলার প্রানিসম্পদ অফিসে কাউ ট্রিটমেন্ট সেড নির্মাণ। পার্ট-৪: মাদারগঞ্জ উপজেলা পরিষদ মসজিদ সংলগ্ন ইমাম- মুয়াজ্জিনের আবাসন উন্নয়ন।<br>৪। ভারি বর্ষণ/বৃষ্টিপাতে কিছু রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হয়েছে। জনগনের নিরবিচ্ছিন্নভাবে চলাচল অব্যাহত রাখার স্বার্থে নিম্নের রাস্তাগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ ছাড়া মাদারগঞ্জ উপজেলাধীন নিম্নলিখিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষার নিমিত্ত প্রোটেকশন ওয়াল জরুরী। এক্ষেত্রে এডিপি এর আওতায় ৫,৫০,০০০/- ও ৪,২০,০০০/- টাকার নিম্নলিখিত প্রকল্পগুলো গ্রহণ করা যেতে পারে।<br>__পার্ট-১: (ক)__<br>১। বালিজুড়ী জিসি – ঝাড়কাটা বাজার ভায়া চরপাকেরদহ ইউপি রাস্তা (রোড আইডি – ৩৩৯৫৮৩০০১)<br>২। গুনারীতলা ইউপি –গুনারীতলা বাজার (রোড আইডি – ৩৩৯৫৮৩০১০) –ব্রীজের এ্যাপ্রোজ<br>৩। বালিজুড়ী জিসি – মেলান্দহ জিসি (রোড আইডি – ৩৩৯৫৮২০০১), মাদারগঞ্জ অংশ<br>৪। বালিজুড়ী জিসি – ভাটারা আরএইচডি (রোড আইডি – ৩৩৯৫৮২০০২)<br>__পার্ট-১: (খ)__ দক্ষিন কয়ড়া প্রাথমিক বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষা।<br><br>__পার্ট-২:__<br>**(ক)** বন্দচতল স:প্রা: প্রাথমিক বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষা ওয়াল নির্মাণ।<br>(খ) বেতাগা স: প্রা: বিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোর সুরক্ষা ওয়াল নির্মাণ | | |
| __০৪. উপজেলা প্রানিসম্পদ বিভাগ:__<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এপ্রিল/২০২৫ মাসের তাঁর দপ্তরের প্রশিক্ষণ ২০০ জন, খামার রেজিষ্ট্রেশন ০২ টি, ১৭৩০ টি কৃত্রিম প্রজনন ও ৩৭৮ টি উন্নত জাতের বাছুর উৎপাদন, ১৭২৭ টি গবাদিপশু ও ১৭৪২৫ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাসমুরগী টিকা প্রদান ৩৯৫০০ মাত্রা, গবাদি পশু ৩৪০ মাত্রা এবং রাজস্ব আদায় ১৪০,৮০৫/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| __০৫. উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় :__ উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এপ্রিল/২৫ মাসের ১) ১০ জন মৎস্য চাষীকে মাছ চাষের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে ২) মৎস্য সম্পদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যাহত হয়েছে ৩) ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জেলেদের বিকল্প কর্মসম্পাদনের জন্য ১৬ (ষোলো) জন জেলেদের মাঝে বকনা বাছুর বিরতণ করা হয়েছে। ৪। রাজস্ব খাতের আওতায় একটি বিল (খড়কা) বিল নার্সারী বাস্তবায়নের জন্য ১.৫ কেজি রেনু মজুদ করা হয়েছে। ৫) রাজস্ব খাতের আওতায় ০১ (এক) টি ব্যাচে ২০ (বিশ) জন মৎস্য চাষিকে মাছ চাষের প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৬) জাটকা সংরক্ষণ অভিযান উপলক্ষে এ উপজেলার বিভিন্ন বাজার বিভিন্ন আড়ত নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। ৬) দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| __০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:__<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| __০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:__<br>উপজেলা পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এপ্রিল/২৫ মাসে স্থায়ী পদ্ধতি ০৯ জন, আইইউডি ৩৭ জন, ইমপ্ল্যান্ট ২২ জন, ইনজেকশন ১০ ভায়েল, খাবারবড়ি সুখী ৪২২ চক্র, কনডম ৬০৪৯, ইসিপি ০৬ জন এবং ১৫ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| __০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:__<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর এর সভায় জানান এপ্রিল/২৫ মাসে ১) শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, ২) মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠন ৩) ২০২৫ শিক্ষাবর্ষের পাঠ্য পুস্তকের চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণের কাজ চলমান রয়েছে ৪) শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এর কাজ চলমান এবং সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠাণের শিক্ষক কর্মচারীদের ইএফটি কার্যক্রম হালনাগাদ করা, আইসিটি বিষয়ে বিটিটি প্রশিক্ষণের জন্য শিক্ষকের তালিকা প্রনয়ণ (৫) মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদের মাঝে ক্যালসিয়াম ট্যাবলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে (৬) শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি কার্যকমে সহায়তা প্রদান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |

| | | |
|---|---|---|
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এপ্রিল/২৫ মাসে ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত ১১ টি এতিমখানা নিবাসীদের ডাটা IDSDP সফটওয়্যারে এন্টির করণ কাজ চলমান ।<br>খ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে মাদারগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত ২০ জন অসহায় দুস্থ রোগীদের মাঝে ওষুধ বিতরণ।<br>গ) ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন কার্যক্রম চলমান।<br>ঘ) ভাতাভোগীদের সচেতন করার লক্ষ্যে প্রচরণার কার্যক্রম চলমান<br>ঙ) প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে।<br>চ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মোট ৩,৪২,৮৮৫/- টাকা আদায় করা হয়েছে।<br>ছ) বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার, প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন গ্রহণের সময় ২২.০৪.২৫ তারিখে শেষ হবে।<br>এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এপ্রিল/২৫ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ৬,২৫,০০০/-, ঋণ বিতরণ ১,২৫,০০০/- টাকা, খেলাপী ঋণ আদায় ৩০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ২০০০/- টাকা। ২০১০ সালের ৩০ শে জুন ২০২৬ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এপ্রিল/২৫ মাসের<br>ক) টিআর ১ম ও ২য় পর্যায় বরাদ্দকৃত খাদ্যশস্য পরিমান ১,৫৫,১৬,৮৩৩/৬৫ ব্যয়িত টাকার পরিমান ১০৮,৬১,৭৮৩/৫ অগ্রগতি হার ৭০;<br>খ) কাবিখা/কাবিটা ১ম ও ২য় পর্যায় বরাদ্দ ১,৫৮,৯৩,৫৬৭/৪১, ব্যয়িত পরিমান ১,১১.৫,৪৭/১৮ অগ্রগতি হার ৭০<br>গ) টিআর পৌরসভা ১ম ও ২য় পর্যায় ১৬,৩৮,৩৭৩/৮৪, ব্যয়িত পরিমান ৯,৮৩,০২৪/৩০<br>ঘ) কাবিখা ১ম ও ২য় পর্যায় ১১৩.৫২৫৫ মেঃটন গম,<br>ঙ) এইচবিবি করণ (২য় পর্যায়) ০৩ টি ২,১৩,৪১,০০০/- অগ্রগতি হার ৯০% । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি আদায়যোগ্য আসল ২,২০,২০০/-, আদায়কৃত ২,০৯,৩০০/-, হার ৯৪.০৩%, মোট সার্ভিস চার্জ ১৩,১৫০/- আদায়কৃত ১২,০৪০/- হার ৯১.৫৬% ক্রমপঞ্জিত বিতরণ (৩,৭৮,৯৬,০০০/- আদায়যোগ্য ৩,৩৬,৩৯,৯৬৩/- ক্রমপঞ্জিত আদায়কৃত ৩,৩৬,৪১,২০০/-, হার ৯৮.০৪%; কিস্তি খেলাপি ৪৬,২৪৭/-, আদায়কৃত ৫,৮২০/-, ঋণ খেলাপি: ৬,৭৭,৮৪৫/-, আদায়কৃত ২৪০০/-, পরিবার আদায়যোগ্য ৪১,৬০০/-, আদায়কৃত ৪১,৬০০/-১০০%, খেলাপী পরিবার আদায়যোগ্য ৮১,৭৪০, আদায়কৃত ২,০০০/-। চলতি অর্থবছর অনুদানপ্রাপ্ত যুব সংগঠন ০৩ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মাদারগঞ্জ উপজেলায় মোট সমিতির সংখ্যা ২৩৬, কার্যকর সমিতি ১৬৪, অকার্যকর সমিতির সংখ্যা ৭২। অডিট যোগ্য সমিতির সংখ্যা ১৬৪ । ভাম্যমান প্রশিক্ষণে-লক্ষ্যমাত্র- কোর্সের সংখ্যা ০৩ এবং সদস্য সংখ্যা ৭৫ এবং অর্জন- কোর্সের সংখ্যা ০২, সদস্য সংখ্যা ৫০। আশ্রয়ণে প্রকল্পে ১২ টি ব্যারাক ঋণ বিতরণ- ৮,৮৫০৫০০/-, আদায়যোগ্য ৮,৮৫০৫০০/-, আদায়ের হার ৭৫%। | পরবর্তী সভায় উপস্থিত এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে এপ্রিল/২৫ মাসে<br>(ক)ভিডব্লিউবি : ২০২৫-২০২৬ চক্রের কার্যক্রম শুরু হয়নি।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ২য় ব্যাচে প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। যা ৩১.১২.২০২৪ খ্রি: তারিখে সমাপ্ত হবে। জানুয়ারী/২৫ হতে মার্চ/২৫ পর্যন্ত অনলাইন আবেদনসহ ভাতা প্রাপ্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(গ) মা ও শিশু সহায়তা কর্মসূচী: উক্ত কর্মসূচীর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে ০৭ টি ইউনিয়ন বরাদ্দ পাওয়া ফেব্রুয়ারি/২৫ পর্যন্ত উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম সম্পন্ন হয়েছে। উপকারভোগী বাছাই অনলাইন কার্যক্রম জুন/২৫ পর্যন্ত চলমান থাকবে। পৌরসভায় উক্ত কার্যক্রমের জানুয়ারি/২৫ পর্যন্ত অনলাইন আবেদনসমূহ ভাতা প্রাপ্তির কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫.উপজেলা আইসিটি বিভাগ**<br>উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ইডিসি আওতায় প্রকল্পের আওতায় মাদারগঞ্জ উপজেলায় অবস্থিত সকল প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা, ভূমি অফিস, কমিউনিটি ক্লিনিকসহ মোট ৩১৪ টি সরকারি প্রতিষ্ঠানে বিনামূল্যে ওয়াইফাই (ব্রডব্যান্ড) কানেকশন প্রদান শুরু হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আইসিটি অফিসার, মাদারগঞ্জ |
| **১৬. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |

| | | |
|---|---|---|
| এর ৩৭ টি গভীর নলকূপের কাজ এবং ৩০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপ লাইনের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩২ টি স্মল পাইপ লাইনের বি[illegible] ৫০০ টি হাউজ কানেকশন বিশিষ্ট লার্জড ওয়াটার পাইপড লাইনের কাজ চলমান রয়েছে এবং দরিদ্র পরিবারের মাঝে প্রতিটি ইউনিয়নে ২২৯ টি করে টুইন পিট টয়লেটের কাজ চলমান রয়েছে। পিইডিপি -৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও বেসিন এর কাজ চলমান রয়েছে। | | |
| **১৭. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এপ্রিল/২৫ মাসের<br>ক) গম ফসলের আনুমানিক হিসাব এর প্রতিবেদন জেলা পরিসংখ্যানে প্রেরণ। খ) গম ফসলের মূল্য ও উৎপাদন জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ এবং এপ্রিল মাসের কৃষি মুজুরীর তথ্য জেলা পরিসংখ্যানে অফিসে প্রেরণ ঙ) MICSএর কাজ চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৮. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এপ্রিল/২৫ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির মাধ্যমে ১৫ টাকা কেজি দরে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর গ্রামভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ১৬.০২.২৫ থেকে ২৭.০২.২০২৫ খ্রি: পর্যন্ত ৬৪ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ করা হবে। অটোমেকানিক্স প্রশিক্ষণে ০১ জন, ফ্রিজ এবং এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণে ০১ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক আয়োজিত কাবাডি প্রতিযোগিতায় মোট তিন (০৩) জন ভিডিপি সদস্য অংশগ্রহণ করেছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২০. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর মার্চ/২৫ মাসের চলতি মৌসুমে নাবী পাট বীজ উৎপাদনকারী চাষীদের মাঝে মাঠ পর্যায়ের ফসল কর্তন এবং বীজ শুকানো এবং বীজ সংরক্ষণ কার্যক্রম চলমান। দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২১. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের এপ্রিল/২৫ মাসে ঋণবিতরণ ৫৯.৮৫ লক্ষ টাকা, আদায় ৫০.৩২ লক্ষ টাকা, সঞ্চয় আদায় ১১০২ আদায়ের হার ৯৮%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. উপজেলা বন বিভাগ:**<br>ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এপ্রিল/২৫ মাসে মাদারগঞ্জ উপজেলায় জনসাধারণের মধ্যে বিক্রয় ও বিতরনের জন্য বিভিন্ন প্রজাতির মোট ২০০০ (দুই হাজার) চারা উৎপাদনের জন্য ২০০০ টি টি ব্যাগে বীজ বপন করা হয়েছে এবং বীজ অংকুরোদগম শুরু হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক এপ্রিল/২৫ মাসের সঞ্চয় আদায় ৮৬০০, ঋণ বিতরণ ০২.৪০ লক্ষ, ঋণ আদায় ০৩.৫৯ লক্ষ। ২০১০ সালের ৩০ শে জুন এর পূর্বে বিতরণকৃত ঋণ আসলের সাথে ০১ বছরের সুদসহ পরিশোধের মেয়াদ ৩০ শে জুন ২০২৬ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৪. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এপ্রিল/২৫ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৫. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান,এপ্রিল/২৫ মাসে তথ্যকেন্দ্রের সেবা গ্রহিতার সংখ্যা ৮৮ জন, ডোর টু ডোর সেবা গ্রহিতার সংখ্যা ৩৩০ জন এবং উঠান বৈঠক ৫০ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৬. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা পরিদর্শনে কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৭. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান গত সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্নগঠিত উপজেলা (স্থায়ী) কমিটির সভা নিয়মিতকরন এবং এর আপলোড করা। সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেয়ার জন্য অনুরোধ করেন। আগামী অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও পঞ্চবার্ষিক পরিকল্পনা করার জন্য সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে তথ্য জমা দিয়ে সহযোগিতা করার অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |
| **২৭. বিবিধ:**<br>রাজস্ব তহবিলের এপ্রিল/২৫ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>ব্যয়ের খাত — টাকা<br>আপ্যায়ন — ২৪৯২০ | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় এপ্রিল/২৫ মাসের মোট ১৮২,৭২০/- (এক লক্ষ বিরাশি হাজার সাতশত বিশ) টাকা ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা | উপজেলা প্রশাসক, মাদারগঞ্জ, জামালপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| সুইপারের বেতন | ৯৯০০ | | হলো। | |
| অফিস সরঞ্জামাদি | ২৫০০০ | | | |
| ম[illegible]র বেতন | ৯৯০০ | | | |
| আনুষাঙ্গিক | ৫০০০ | | | |
| জীপ গাড়ি মেরামত | ১০০০০০ | | | |
| পরিষ্কার পরিচ্ছন্নতা | ৮০০০ | | | |
| মোট | ১৮২৭২০ | | | |

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.০৫.২৫

নাদির শাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৫-৩৫৫

তারিখ ঃ ২৮ মে ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৩। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৪। প্রশাসক/চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . ..................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৫। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৮.০৫.২৫

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

২৮ মে ২০২৫

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর | |
| ২। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ৩। | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ৪। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, " " | |
| ৫। | " মৎস্য " " " | |
| ৬। | " শিক্ষা অফিসার " " | |
| ৭। | " পরিবার পরিকল্পনা কর্মকর্তা " | |
| ৮। | " প্রকৌশলী ~~অফিসার~~ " " | |
| ৯। | " মাধ্যমিক শিক্ষা অফিসার " | |
| ১০। | " সমাজসেবা অফিসার " | |
| ১১। | " পল্লী উন্নয়ন কর্মকর্তা " | |
| ১২। | " প্রকল্প বাস্তবায়ন " " | |
| ১৩। | " যুব উন্নয়ন কর্মকর্তা " | |
| ১৪। | " সমবায় অফিসার " | |
| ১৫। | " মহিলা বিষয়ক কর্মকর্তা " | |
| ১৬। | " আইসিটি অফিসার " | |
| ১৭। | " জনস্বাস্থ্য প্রকৌশলী " | |
| ১৮। | " পরিসংখ্যান অফিসার " | |
| ১৯। | " খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ | |
| ২০। | " আনসার ও ভিডিপি কার্যালয় " | |
| ২১। | " পাট উন্নয়ন কর্মকর্তা " | |
| ২২। | " ফরেস্টার অফিসার " | |
| ২৩। | " পল্লী সঞ্চয় ব্যাংক " | |
| ২৪। | " সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স | |
| ২৫। | " তথ্য সেবা কর্মকর্তা " " | Shifa |
| ২৬। | " ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মাদারগঞ্জ, জামালপুর | |

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ২৭। | উপজেলা রিসোর্স সেন্টার, মাদারগঞ্জ | |
| ২৮। | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি " | |
| ২৯। | " ডেভেলপমেন্ট [illegible] " | |
| ৩০। | প্রশাসক, চরপাকেরদহ ইউনিয়ন পরিষদ " | A |
| ৩১। | চেয়ারম্যান, কড়ইচূড়া " " | A |
| ৩২। | প্রশাসক, গুনারীতলা " " | A |
| ৩৩। | [illegible] | |
| ৩৪। | পৌর নির্বাহী কর্মকর্তা, মাদারগঞ্জ পৌরসভা | |
| ৩৫। | | |
| ৩৬। | | |
| ৩৭। | | |
| ৩৮ | | |